

অস্ট্রেলিয়ার সেরা ইয়াং বিশ্ববিদ্যালয়গুলোতে পড়তে আগ্রহী শিক্ষার্থীদের জন্য নতুন স্কলারশিপ ঘোষণা করা হয়েছে

মাধ্যম কলেজ ইউটিএস:ইনসার্চ বাংলাদেশ ও উপমহাদেশের শিক্ষার্থীদের জন্য ২১ কোটি টাকা মানের স্কলারশিপ ঘোষণা করেছে

অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি (ইউটিএস) তে পড়তে আগ্রহী বাংলাদেশের উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীরা এখন আকর্ষণীয় একটি স্কলারশিপের জন্য আবেদন করতে পারবে। নতুন এই ইউটিএস:ইনসার্চ স্কলারশিপটিতে বাংলাদেশ ও উপমহাদেশের শিক্ষার্থীরা দ্বিতীয় সেমিস্টারের জন্য বাংলাদেশি টাকায় ২১ কোটি টাকার স্কলারশিপ পাবে।

সম্প্রতি ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি (ইউটিএস) টাইমস হাইয়ার এডুকেশন (THE) এর ইয়াং ইউনিভার্সিটি র‍্যাংকিং এ অস্ট্রেলিয়াতে টানা তৃতীয় বারের মতো শীর্ষ ইয়াং ইউনিভার্সিটির স্বীকৃতি পেয়েছে এবং বিশ্ব র‍্যাংকিং এ ১৫তম হয়েছে।

ইউটিএস এ অধ্যয়ন এবং সেরা পারফর্ম করার জন্য শিক্ষার্থীদের তৈরি ইউটিএস:ইনসার্চ মাধ্যম হিসেবে কাজ করে। ইউটিএস:ইনসার্চ এ সফলভাবে ডিপ্লোমা শেষ করার পর, শিক্ষার্থীরা সরাসরি ইউটিএস এর স্নাতককে ভর্তি হতে পারবে এবং পছন্দকৃত কোর্সের ভিত্তিতে শিক্ষার্থীরা খুব দ্রুত দ্বিতীয় বর্ষে পদার্পণ করতে পারে।

ইউটিএস:ইনসার্চ এর চীফ মার্কেট ডেভেলপমেন্ট অফিসার বেলিভা হওয়েল বলেন, “আমরা জানি বাংলাদেশের অনেক শিক্ষার্থীই ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি-এর উন্নত শিক্ষাপদ্ধতির অধীনে পড়াশুনা করতে আগ্রহী। বিশ্ববিদ্যালয়ের কর্মচারী কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা আকর্ষণীয় ও সফল ক্যারিয়ার গড়ার সুযোগ বৃদ্ধি করে।”

হওয়েল আরও বলেন, “বাংলাদেশি শিক্ষার্থীদের ক্যারিয়ার স্বপ্ন পূরণ করতে এবং বিশ্ববিদ্যালয় পর্যায় সহ সব জায়গায় সফলতা অর্জনের জন্য প্রস্তুত হওয়ার ক্ষেত্রে সহযোগিতা করতে এরকম একটি স্কলারশিপ অফার করতে পেরে আমরা আনন্দিত।”

ইউনেস্কোর গ্লোব্যাল ফ্লো অব টেরিটারি-লেভেল-স্টুডেন্টস এর তথ্য অনুযায়ী, বিদেশে পড়াশুনার ক্ষেত্রে অস্ট্রেলিয়া বাংলাদেশি শিক্ষার্থীদের চতুর্থ শীর্ষ পছন্দের গন্তব্য, সবার শীর্ষে আছে জার্মানী ও কানাডা।

ইউটিএস-এ সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অধ্যয়নরত খুলনার শিক্ষার্থী হামজা বিন মনজুর সবার সাথে তার অস্ট্রেলিয়ায় পড়াশুনার অভিজ্ঞতা শেয়ার করেন, তিনি বলেন, “প্রকৌশল বিদ্যা নিয়ে পড়াশুনার জন্য বর্তমানে ইউটিএস হলো সর্বোৎকৃষ্ট জায়গা। এই সত্যটি আন্তর্জাতিক শিক্ষার্থীদের দ্বারা স্বীকৃত। এছাড়াও, আমি সবসময় সিডনির কাছাকাছি একটা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতে চেয়েছিলাম।”

তিনি আরও বলেন, “ইউটিএস:ইনসার্চ একটি বহু-সংস্কৃতি পরিচর্যা জায়গা, এখানে অধ্যয়ন করলে আপনি অনেক বেশি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন। আমি বর্তমানে ইউটিএস-এ আছি এবং আমি দেখতে পাই ইউটিএস:ইনসার্চ কী অসাধারণভাবে আমাকে অন্য শিক্ষার্থীদের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। অসাধারণ সব শিক্ষক পাওয়া ছাড়াও, ক্যাম্পাসের ল্যাব ও টিউটোরিয়াল ক্লাসগুলোও অসাধারণ। আপনি ক্লাসে কী শিখছেন তা বুঝতে আপনাকে দারুণ সাহায্য করবে এরা।”

মনজুর ২০১৬ সালে ইউটিএস:ইনসার্চ থেকে ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা শেষ করেছেন এবং বর্তমানে ইউটিএসে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক অধ্যয়নরত আছেন।

কাজিকৃত স্কলারশিপ কার্যক্রম সম্পর্কে:

- উপমহাদেশের যেসব নতুন শিক্ষার্থী ২০১৭ থেকে ২০২০ সালের মধ্যে ইউটিএস:ইনসার্চ এ ডিপ্লোমা শুরু করবে তারা এই স্কলারশিপ প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- insearch.edu.au/aspire ওয়েবসাইটে সকল শর্ত থেকে জানা যাবে

ইউটিএস এবং ইউটিএস:ইনসার্চ সম্পর্কে:

অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি (ইউটিএস) অস্ট্রেলিয়ার রাজধানী সিডনির প্রাণকেন্দ্রে অবস্থিত অগ্রগামী উন্নত একটি বিশ্ববিদ্যালয়। এটি একটি শীর্ষ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউটিএস-এর আছে স্বতন্ত্র শিক্ষা পদ্ধতি, অসাধারণ গবেষণা নৈপুণ্য এবং প্রতিষ্ঠান ও প্রফেসরদের সাথে সুসম্পর্ক বিষয়ে ব্যাপক সুনাম।

১১,৪২০ জন আন্তর্জাতিক শিক্ষার্থী সহ মোট ৪০,০০ শিক্ষার্থী নিয়ে ইউটিএস অস্ট্রেলিয়ার বড় বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম একটি। এটি বিশ্ববিদ্যালয়সমূহের ‘অস্ট্রেলিয়ান টেকনোলজি নেটওয়ার্ক’-এর একটি অংশ। অস্ট্রেলিয়ান টেকনোলজি নেটওয়ার্ক হলো বিখ্যাত বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বয়ে গঠিত একটি দল, যেটি প্রায়োগিক ও পেশাদার কোর্স প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান ও সরকারের সাথে কাজ করতে অঙ্গীকারবদ্ধ।

INSEARCH LIMITED ABN 39 001 425 065

PO Box K1085, Haymarket NSW 1240 Australia | Level 9, 187 Thomas Street Sydney NSW 2000 Australia
T +61 2 9218 8600 F +61 2 9281 5915 insearch.edu.au

INSEARCH CRICOS Provider Code: 00859D UTS CRICOS Provider Code: 00099F

INSEARCH Limited is a controlled entity of the University of Technology Sydney (UTS), and a registered private higher education provider of pathways to UTS.

অসংখ্য আন্তর্জাতিক শিক্ষার্থী মাধ্যম কলেজ ইউটিএস:ইনসার্চ-এ ভর্তি হওয়ার মাধ্যমে ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি (ইউটিএস) তে যেতে পছন্দ করে, যেখানে তারা বিশ্ববিদ্যালয় জীবনে সফল হওয়ার জন্য গুণ, দক্ষতা ও অভিজ্ঞতা অর্জনে সক্ষম হবে। ইউটিএস:ইনসার্চ-এ আরকিটেকচার এন্ড ডিজাইন, বিজনেস, কমিউনিকেশন, ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন টেকনোলজি এবং সাইয়েন্স সহ অনেক ডিপ্লোমা থেকে বাংলাদেশি শিক্ষার্থীরা নিজের পছন্দের ডিপ্লোমা বেছে নিতে পারবে এবং গ্রেড ও কোর্সের ভিত্তিতে তারা দ্রুত অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি ইন সিডনি (ইউটিএস) তে তাদের দ্বিতীয় বর্ষ শুরু করতে পারবে।

বিস্তারিত জানতে ভিজিট করুন:
insearch.edu.au